



ঢাকা বিশ্ববিদ্যালয়

অধিভুক্ত সরকারি ৭ কলেজের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির

‘বিজ্ঞান’ ইউনিট

ভর্তি নির্দেশিকা

ভর্তি পরীক্ষা: ২২ নভেম্বর ২০১৯, শুক্রবার, সকাল ১০:০০-১১:০০ পর্যন্ত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের যথাক্রমে (১) ঢাকা কলেজ, (২) কবি নজরুল সরকারি কলেজ (৩) ইডেন মহিলা কলেজ (৪) বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, (৫) সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, (৬) সরকারি বাঙলা কলেজ (৭) সরকারি তিতুমীর কলেজ এর বিজ্ঞান শাখার বিভাগসমূহে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে।

ইডেন মহিলা কলেজ এবং বেগম বদরুন্নেসা মহিলা কলেজের আসনসমূহ শুধুমাত্র মহিলা এবং ঢাকা কলেজের আসনসমূহ পুরুষ প্রার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। উপর্যুক্ত কলেজসমূহের ভর্তি কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের মাধ্যমে সম্পন্ন করা হবে। ডিগ্রিসমূহের সনদপত্র ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদান করা হবে। বিশ্ববিদ্যালয়ের অন্য কোনো সুবিধা ভর্তিকৃত শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়।

কলেজগুলোর বিভাগসমূহের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নের ছকে উল্লেখ করা হলো (কোটা ব্যতীত)।

অধিভুক্ত কলেজসমূহের বিজ্ঞান ইউনিটের স্নাতক (সম্মান) কোর্সের আসন:

কলেজের নাম	ঠিকানা	বিষয়সমূহ	আসন সংখ্যা (বিভাগ ওয়ারী)	মোট আসন
ঢাকা কলেজ (১৮৪১)	মিরপুর রোড নিউমার্কেট ঢাকা-১২০৫	পদার্থ	১২০	১০৯০
		রসায়ন	১২০	
		গণিত	২১০	
		উদ্ভিদ বিজ্ঞান	১২৫	
		প্রাণিবিদ্যা	১২৫	
		ভূগোল ও পরিবেশ	১২৫	
		মনোবিজ্ঞান	১২৫	
		পরিসংখ্যান	১৪০	
কবি নজরুল সরকারি কলেজ (১৮৭৪)	লক্ষীবাজার সূত্রাপুর ঢাকা-১০০০	পদার্থ	১০০	৬৩০
		রসায়ন	১০০	
		গণিত	১০০	

কলেজের নাম	ঠিকানা	বিষয়সমূহ	আসন সংখ্যা (বিভাগ ওয়ারী)	মোট আসন
		উদ্ভিদ বিজ্ঞান	১০০	
		প্রাণিবিদ্যা	১০০	
		ভূগোল ও পরিবেশ	১৩০	
সরকারি বাঙলা কলেজ (১৯৬২)	মিরপুর-১ ঢাকা-১২১৬	পদার্থ	১০৫	৭১৫
		রসায়ন	১৩০	
		গণিত	১৮০	
		উদ্ভিদ বিজ্ঞান	১০৫	
		প্রাণিবিদ্যা	১২০	
		মৃত্তিকা বিজ্ঞান	৭৫	
সরকারি তিতুমীর কলেজ (১৯৬৮)	গুলশান ঢাকা-১২১৩	পদার্থ	২৫০	১৫১০
		রসায়ন	২৫০	
		গণিত	৩০০	
		উদ্ভিদ বিজ্ঞান	২৫০	
		প্রাণিবিদ্যা	২৫০	
		পরিসংখ্যান	৭০	
		ভূগোল ও পরিবেশ	৭০	
		মনোবিজ্ঞান	৭০	
সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ (১৯৭২)	লক্ষীবাজার সূত্রাপুর ঢাকা-১১০০	পদার্থ	১০০	৭৪০
		রসায়ন	১২০	
		গণিত	১২০	
		উদ্ভিদ বিজ্ঞান	১০০	
		প্রাণিবিদ্যা	১০০	
		ভূগোল ও পরিবেশ	১০০	
		মৃত্তিকা বিজ্ঞান	১০০	
ইডেন মহিলা কলেজ (১৮৭৩)	আজিমপুর ঢাকা-১২০৫	পদার্থ	১২৫	১২২৫
		রসায়ন	১২৫	
		গণিত	২০০	
		উদ্ভিদ বিজ্ঞান	১৫০	
		প্রাণিবিদ্যা	১৫০	
		ভূগোল ও পরিবেশ	১৬৫	
		পরিসংখ্যান	৫০	
		মনোবিজ্ঞান	১৪০	
		গার্হস্থ্য অর্থনীতি	১২০	
বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ (১৯৪৮)	বকসি বাজার ঢাকা-১১০০	পদার্থ	৬৫	৫৯০
		রসায়ন	৮৫	
		গণিত	৬৫	

কলেজের নাম	ঠিকানা	বিষয়সমূহ	আসন সংখ্যা (বিভাগ ওয়ারী)	মোট আসন
		উদ্ভিদ বিজ্ঞান	৫৫	
		প্রাণিবিদ্যা	৮০	
		ভূগোল ও পরিবেশ	৮০	
		মনোবিজ্ঞান	৮০	
		গার্হস্থ্য অর্থনীতি	৮০	
		মোট আসন	৬৫০০	৬৫০০

প্রাথমিক আবেদন

- ১। 'বিজ্ঞান' ইউনিটের অধীনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত উপর্যুক্ত সরকারি ৭টি কলেজে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির জন্য ৩০ সেপ্টেম্বর ২০১৯ হতে ২৯ অক্টোবর ২০১৯ তারিখ এর মধ্যে অনলাইনে দরখাস্ত করতে হবে।
- ২। অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদনের জন্য আবেদনকারীর করণীয়:
 - ক) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের ভর্তির ওয়েব সাইটে (www.7collegedu.com) ভর্তির সাধারণ নির্দেশাবলি থাকবে। উক্ত সাইটে আবেদনকারী ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের ভর্তির ৩টি ইউনিট এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ দেখতে পাবে। আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ও ওয়েব সাইট নির্দেশিকা ভালো করে পড়তে হবে।
 - খ) আবেদন ফি পরিশোধ করার পদ্ধতি: আবেদনকারীকে দেশের রাষ্ট্রায়ত্ত্ব বাণিজ্যিক ব্যাংক সোনালী ব্যাংক লিমিটেড এর সোনালী সেবার মাধ্যমে যে কোন অনলাইন শাখায় (ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখা ব্যতিত) অথবা বিকাশ/রকেটের মাধ্যমে ভর্তি পরীক্ষার ফি ৪০০.০০ (চারশত) টাকা (সার্ভিস চার্জ ছাড়া) জমা দিতে হবে।

সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে পেমেন্ট : আবেদনকারী 7 college Admission website www.7collegedu.com থেকে Payslip নিয়ে ২৯/১০/২০১৯ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে সোনালী ব্যাংক লিমিটেড-এর সোনালী সেবার মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। আবেদনকারী টাকা জমা দেয়ার কমপক্ষে দুই কর্ম দিবস পরে পুনরায় 7 college Admission website -এ যেতে হবে। কোনও ইউনিটে আবেদনকারী ব্যাংকে টাকা জমা দেয়ার তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পৌঁছালে তার সংশ্লিষ্ট ইউনিটের 'পেমেন্ট' কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে।

বিকাশ/রকেটের মাধ্যমে পেমেন্ট: 7 college Admission website www.7collegedu.com থেকে ২৯/১০/২০১৯ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে আবেদনকারী বিকাশ/রকেটের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে। আবেদনকারী বিকাশ/রকেটের মাধ্যমে ভর্তি ফি প্রদান করার সঙ্গে সঙ্গে সংশ্লিষ্ট ইউনিটের 'পেমেন্ট' কলামে একটি সবুজ রঙের টিক চিহ্ন দেখা যাবে। (Payslip download করার প্রয়োজন নেই।)

পেমেন্টের পর বিকাশ/রকেট থেকে ফিরতি SMS (এসএমএস)-এ প্রাপ্ত লেনদেন আইডিটি সংরক্ষণ করতে হবে। আবেদনকারীকে web site Notice -এর মাধ্যমে প্রবেশ পত্র সংগ্রহের তারিখ জানিয়ে দেওয়া হবে। আবেদনকারী আবেদন ফি পরিশোধ না করলে সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

গ) প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার Roll ও Application ID থাকবে। প্রবেশপত্রে নির্দেশাবলিতে উল্লিখিত কাগজপত্র নিয়ে আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঘ) আবেদনকারী মাধ্যমিক/উচ্চ মাধ্যমিকের যেকোনো একটিতে বা উভয়টিতে IGCSE/O-Level এবং IAL/A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারী হলে ডিগ্রির সমতা নিরূপণ (Equivalence) করার পর সমতা নিরূপণ সনদপত্রে উল্লিখিত Equivalent ID মাধ্যমিক/উচ্চমাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে যথা নিয়মে টাকা জমা দেওয়ার রসিদ সংগ্রহ করতে পারবে। সমতা নিরূপণ করার জন্য ডিন, বিজ্ঞান অনুষদের অফিসে তার গ্রেডশীট/মার্কশীটসমূহের ফটোকপিসহ আবেদন করতে হবে এবং ১০০০/- টাকা সমতা নিরূপণ ফি প্রদান করতে হবে। সমতা নিরূপণের পর আবেদনকারীকে একটি সমতা নিরূপণ সনদপত্র প্রদান করা হবে এবং উক্ত সনদপত্রে Equivalent ID উল্লেখ থাকবে।

ভর্তির ন্যূনতম যোগ্যতা

৩। প্রার্থীকে ২০১৪ থেকে ২০১৭ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০১৯ সালের বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের বিজ্ঞান শাখায় অথবা গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে উচ্চ মাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা কারিগরী শিক্ষা বোর্ডের বিজ্ঞানের সংশ্লিষ্ট বিষয়ে অথবা বিজ্ঞান শাখায় IAL/A-Level অথবা সমমানের বিদেশি ডিগ্রিধারী হতে হবে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক (বা সমমানের) পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল ন্যূনতম ৭.০ হতে হবে। IGCSE/O-Level এবং IAL/A-Level অথবা সমমানের বিদেশি সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে সমতা নিরূপণকৃত গ্রেড গণনা করতে হবে। এছাড়া প্রার্থী যে বিভাগে ভর্তি হতে ইচ্ছুক ঐ বিভাগের জন্য নির্ধারিত যোগ্যতা অর্থাৎ নির্দেশিকার ১৬ নং ধারায় উল্লেখিত শর্ত পূরণ করতে হবে।

৪। যে-সকল প্রার্থী ২০১৪ অথবা তার পরে পাসকৃত IGCSE/O-Level পরীক্ষায় অন্তত ৫ বিষয়ে উত্তীর্ণ হয়েছে (IGCSE/O-Level এবং IAL/A-Level-এর সর্বশেষ পরীক্ষার সনদে উক্ত পরীক্ষার পাশের বছর হিসেবে ধরা হবে) এবং উপর্যুক্ত ৭টি বিষয়ের মধ্যে যারা ৪টি বিষয়ে অন্তত C গ্রেড, অপর ৩টি বিষয়ে অন্তত D গ্রেড পেয়েছে তাদেরকে এবং অন্যান্য ডিপ্লোমা বা সার্টিফিকেটধারী শিক্ষার্থীগণকে ভর্তি পরীক্ষার জন্য অনলাইনে আবেদনের পূর্বেই সমতা নিরূপণের জন্য, বিজ্ঞান অনুষদের ডিন অফিসে প্রয়োজনীয় কাগজপত্র অগ্রণী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখায় নির্ধারিত ফি ১০০০/- (এক হাজার টাকা) জমা প্রদানের রসিদসহ জমা দিতে হবে। ডিপ্লোমা বা সার্টিফিকেট প্রাপ্ত প্রার্থীকে সমতা নিরূপণের জন্য উচ্চ মাধ্যমিকের সমমানের পরীক্ষা পাশের প্রমাণসহ তার উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত সকল বিষয়ের বিস্তারিত পাঠ্যসূচির (Syllabus) অনুলিপি জমা দিতে হবে। সমতা নিরূপণের সার্টিফিকেটে উল্লিখিত Equivalent ID ব্যবহার করে সাধারণভাবে ভর্তির আবেদন করতে হবে।

ভর্তি পরীক্ষা

৫। ক) ভর্তিচ্ছু সকল প্রার্থীকে 'বিজ্ঞান' ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

খ) ভর্তি পরীক্ষা ২২ নভেম্বর ২০১৯ তারিখ শুক্রবার, সকাল ১০:০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ১ (এক) ঘন্টা।

গ) ভর্তি পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হবে। মোট ১০০ টি প্রশ্নের জন্য মোট নম্বর হবে ১২০।

৬। ক) ভর্তি পরীক্ষার প্রশ্ন উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যসূচি অনুযায়ী হবে এবং প্রত্যেক প্রার্থীকে পদার্থ ও রসায়নসহ মোট ৪টি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতি বিষয়ের জন্য মোট নম্বর ৩০।

- খ) যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে পদার্থ, রসায়ন, গণিত ও জীববিজ্ঞান বিষয়ে অধ্যয়ন করেছে তারা এ সকল বিষয়ে পরীক্ষা দিবে। তবে কোনো প্রার্থী ইচ্ছা করলে শুধুমাত্র উচ্চ মাধ্যমিক পর্যায়ের ৪র্থ বিষয়ের পরিবর্তে বাংলা অথবা ইংরেজি যেকোনো একটি বিষয়ে পরীক্ষা দিতে পারবে।
- গ) যে সকল প্রার্থী উচ্চ মাধ্যমিক অথবা সমমানের পর্যায়ে উপর্যুক্ত ৪টি বিষয়ের মধ্যে যেসব বিষয় (সর্বোচ্চ দু'টি) অধ্যয়ন করেনি, তাদেরকে সেগুলোর পরিবর্তে বাংলা অথবা ইংরেজি বিষয়ে পরীক্ষা দিয়ে মোট চারটি বিষয় পূরণ করতে হবে।
- ঘ) একজন শিক্ষার্থী কোন বিষয়ে ভর্তি হতে পারবে তা নির্ভর করবে সে উচ্চমাধ্যমিক/সমমান পর্যায়ে কোন কোন বিষয়ে অধ্যয়ন করেছে তার উপর। বিজ্ঞান হতে উচ্চ মাধ্যমিক পাসকৃতরা কেবলমাত্র বিজ্ঞান ইউনিটের ভর্তিপরীক্ষায় অংশ গ্রহন করবে। বিজ্ঞান বহির্ভূত বিষয়সমূহে ভর্তির জন্যও এটি প্রযোজ্য হবে।
- ৭। বিজ্ঞান ইউনিটের কোন পরীক্ষার্থী কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট বা বাণিজ্য ইউনিটের পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না। তবে যদি কোন শিক্ষার্থী বিজ্ঞান ইউনিট হতে কলা ও সামাজিক বিজ্ঞান ইউনিট এবং বাণিজ্য ইউনিটের কোন বিভাগে ভর্তি হতে ইচ্ছুক হয় তাহলে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর অনলাইনে বিভাগ পছন্দক্রম ফরম পূরণের সময় তা উল্লেখ করতে হবে এবং অধিভুক্ত কলেজের বিধি মোতাবেক মেধার ভিত্তিতে আসন সংখ্যা অনুযায়ী বিভাগ নির্ধারণ করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- ৮। ভর্তি পরীক্ষার পাস নম্বর ৪৮। যারা ৪৮ এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না।
- ৯। ভর্তি পরীক্ষার MCQ পদ্ধতির নির্ধারিত উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। প্রার্থীকে প্রয়োজনীয় MCQ ঘর পূরণ করার উপযোগী কালো কালির বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে একটি মাত্র MCQ উত্তরপত্র সরবরাহ করা হবে। অতএব উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীদের সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে যেকোনো ভুল-ভ্রান্তির দায় প্রার্থীকেই বহন করতে হবে।
- ১০। উত্তরপত্রে Roll ও Application ID না লিখলে বা ভুল লিখলে বা ঘষামাজা করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। পরীক্ষায় কোনো প্রকার ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষার হলে প্রার্থীর সঙ্গে ক্যালকুলেটর, মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এরূপ যেকোনো প্রকার ইলেকট্রনিক ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর কাছে এরূপ কোনো প্রকার ডিভাইস পাওয়া গেলে, সে ব্যবহার করুক বা না করুক তাকে বহিষ্কার করা হবে।
- ১২। ভর্তি পরীক্ষার ৪৮ ঘন্টা পূর্বে বিস্তারিত আসন বিন্যাস ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের ভর্তির ওয়েব সাইটেও (www.7collegedu.com) দেখা যাবে। এছাড়া এসএমএস এর মাধ্যমে আসনের নির্দিষ্ট অবস্থান জানতে পারবে।

মেধাস্কোর ও মেধাক্রম

১৩। ক) মোট ২০০ নম্বরের ভিত্তিতে প্রার্থীদের অর্জিত মেধাস্কোরের নিম্ন ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে।

মেধাস্কোর = মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত জিপিএ × ৬ + উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায়

প্রাপ্ত/হিসাবকৃত জিপিএ × ১০ + ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর

খ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে।

(১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর

- (২) HSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA without 4th Subject
 (৩) HSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4th Subject
 (৪) SSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA with 4th Subject

- গ) O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে;
 A=5.0 B=4.0 C=3.5 D = 3.0
 ঘ) যারা ভর্তি পরীক্ষায় অনুপস্থিত থাকবে অথবা ৪৮-এর কম নম্বর পাবে তাদের মেধাক্ষেত্র হিসাব করা হবে না।

- ১৪। মেধাক্ষেত্রের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা ও ফলাফল ভর্তি পরীক্ষার পর ৭ (সাত) দিনের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের ভর্তির ওয়েব সাইটে (www.7collegedu.com) পাওয়া যাবে।
 ১৫। মেধা তালিকা প্রকাশের তারিখ থেকে ৫ কার্যদিবসের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়, কার্জন হল এলাকার অগ্রণী ব্যাংকের শাখায় ১০০০/- টাকা নিরীক্ষা ফিস জমা দিয়ে জমার রশিদসহ 'বিজ্ঞান ইউনিট প্রধান (ডিন, বিজ্ঞান অনুষদ) বরাবর আবেদন করে প্রার্থীর উত্তরপত্র নিরীক্ষা করানো যাবে। নিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে নিরীক্ষা ফি ফেরৎ দেওয়া হবে এবং মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে নেওয়া হবে।

- ১৬। বিভিন্ন বিভাগে/বিষয়ে ভর্তির ন্যূনতম যোগ্যতা:

কলেজ	ভর্তির বিভাগ/বিষয়	উচ্চমাধ্যমিক/ সমমানের পরীক্ষার বিষয়/বিষয়সমূহ
সকল কলেজ	পদার্থ বিজ্ঞান	পদার্থ বিজ্ঞান এবং গণিত
	গণিত	গণিত
	রসায়ন	রসায়ন এবং গণিত
	পরিসংখ্যান	গণিত
	উদ্ভিদবিজ্ঞান	জীববিজ্ঞান
	প্রাণিবিদ্যা	জীববিজ্ঞান
	মনোবিজ্ঞান	জীববিজ্ঞান
	ভূগোলওপরিবেশ	-
	মুক্তিকা বিজ্ঞান	জীববিজ্ঞান এবং রসায়ন
	গার্হস্থ্য অর্থনীতি	-

- ১৭। মেধাতালিকা প্রকাশের পর নির্দিষ্ট তারিখের মধ্যে অনলাইনে Subject Choice (বিভাগ পছন্দকরণ) ফরমপূরণ করতে হবে। পরবর্তীতে Choice এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে বিভাগ বন্টনের তথ্য অনুষদের নোটিশ বোর্ডে দেয়া হবে। উক্ত তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ৭টি কলেজের ভর্তির ওয়েব সাইটেও (www.7collegedu.com) দেখা যাবে। চূড়ান্তভাবে ভর্তির জন্য মনোনীত প্রার্থীর ক্ষেত্রে SSC এবং HSC এর মূল নম্বরপত্র জমা রাখা হবে।

বিবিধ

- ১৮। কোন প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা অন্য যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

- ১৯। পরীক্ষায় অসদুপায় অবলম্বনের রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ২০। ভর্তি প্রক্রিয়ার যেকোনো পর্যায়ে এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি-পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি/মনোনয়ন বাতিল করা হবে।
- ২১। ৭টি কলেজে এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মকর্তা-কর্মচারীদের (কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী) ওয়ার্ডকোটা, উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক ও শ্রবণ) ও মুক্তিযোদ্ধা (সন্তান, নাতি-নাতনি) কোটা: প্রার্থী যে কোটায় ভর্তি হতে ইচ্ছুক; অনলাইনে ভর্তি ফরম পূরণের সময়ে সেই কোটায় অবশ্যই টিক চিহ্ন দিতে হবে।
- ২২। ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যেকোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন ও সংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

আবেদনপত্র জমাদানের তারিখ : ৩০ সেপ্টেম্বর ২০১৯ থেকে ২৯ অক্টোবর ২০১৯
পরীক্ষার তারিখ: ২২ নভেম্বর ২০১৯, শুক্রবার, সকাল ১০:০০টা থেকে ১১:০০টা
ফল প্রকাশ: ভর্তি পরীক্ষার পর ০৭ (সাত) দিনের মধ্যে

বিজ্ঞান ইউনিটে ভর্তি সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানা:

ডিনের কার্যালয়

বিজ্ঞান অনুসন্ধান (কার্জন হল ক্যাম্পাস)

বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুসন্ধান ভবন, ৩য় তলা

ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোনঃ ০১৮৭০০৩৩৯৪৫

সমতা নিরূপণ সনদ সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানাঃ

বিজ্ঞান অনুসন্ধান, ঢাকা বিশ্ববিদ্যালয়

ফোনঃ ০১৮৭০০৩৩৯৪৫